যুগান্তর

তারিখ 0 5 MAY 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# কুবি ছাত্রলীগ নেতা বহিষ্কার

**কুমিল্লা ব্যুরো**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হল শাখা ছাত্রলীগ সভাপতি ইলিয়াস হোসেন সবুজকে সংগঠন থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। দলীয় শৃংখলা ভঙ্গের দায়ে কেন্দ্রীয় ছাত্রলীগ তাকে বহিষ্কার করে। রোববার রাতে ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের দফতর সম্পাদক শেখ রাসেল স্বাক্ষরিত এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। ২৪ এপ্রিল বিশ্ববিদ্যালয় নিকটবর্তী ময়নামতি শালবন বিহারের একটি পিকনিক স্পট থেকে ইলিয়াসকে একটি বিদেশী রিভলভার, দুই রাউন্ড বুলেট ও একটি ম্যাগাজিনসহ আটক করে র‍্যাব-১১। অবৈধ আগ্নেয়াস্ত্র রাখার অপরাধে কুমিল্লা সদর দক্ষিণ থানায় দায়ের করা মামলায় বর্তমানে তিনি কারাগারে আটক। এদিকে তার মুক্তির দাবিতে ২৬ এপ্রিল থেকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের ধর্মঘট পালন করছে তার সমর্থকরা।